# 27016 - মসজিদের ইমাম কি ফিতরা জমা করতে পারেন; ফিতরা কোথায় বণ্টন করা হবে?

## প্রশ্ন

ফিতরা কখন পরিশোধ করতে হয় এবং কোথায় বণ্টন করতে হয়। মসজিদের ইমামের পক্ষ থেকে ফিতরা জমা করা এবং এরপর হকদারদের মধ্যে বণ্টন করা কি জায়েয; এমনকি সেটা যদি কিছুদিন পরেও হয়। ফিতরা কি মুদ্রাস্ফীতির অনুগামী? ফিলিস্তিনের মুজাহিদদের জন্য ফিতরা পাঠানো কি জায়েয হবে? কিংবা কোনো মসজিদ নির্মাণের ফান্ডে ফিতরার অর্থ কি প্রবেশ করানো যাবে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ফিতরা পরিশোধ করার সময় ঈদুল ফিতরের রাত থেকে ঈদের নামাযের পূর্ব পর্যন্ত। দুইদিন বা তিনদিন পূর্বে আদায় করাও জায়েয। ফিতরা আদায়কারী যেখানে থাকেন সেখানের গরীব মুসলিমদের মাঝে ফিতরা বণ্টন করবেন। কিন্তু কোনো দেশের অধিবাসী অধিক গরীব হলে সেখানে ফিতরা স্থানান্তর করা জায়েয। মসজিদের ইমাম ও অনুরূপ আমানতদার মানুষের জন্য ফিতরা জমা করে গরীবদের মাঝে বণ্টন করা জায়েয। তবে হকদারদের কাছে ঈদের নামাযের আগে পৌঁছতে হবে। ফিতরার পরিমাণ নির্ধারণ মুদ্রাস্ফীতির অনুগামী নয়। বরং শরিয়ত এর পরিমাণ নির্ধারণ করে দিয়েছে এক সা’। যে ব্যক্তির কাছে ঈদের দিনের তার নিজের খাদ্য ও সে যাদের খরচ চালায় তাদের খাদ্য ছাড়া অন্য কিছু না থাকে তার উপর থেকে ফিতরা মওকুফ হয়ে যায়। কোনো মসজিদ নির্মাণ কিংবা কোনো স্বেচ্ছাসেবী প্রকল্পে ফিতরা দেয়া জায়েয নয়।

আল্লাহই তাওফিকদাতা।